

2 0 1 6

ELECTIVE BENGALI

Full Marks : 60

Time : 3 hours

The figures in the margin indicate full marks
for the questions

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

(ক) “লহ লহ হাসনি গদ গদ ভাষনি
কত মন্দাকিনী নয়নে ঝরে ॥”

‘লহ লহ’ শব্দের অর্থ কী ?

(খ) “তঁহি পুন মোতি-হর তোড়ি ফেকল
কহত হর টুটি গেল ।

সবজন এক এক চুনি _____

শ্যাম-দরশ ধনি লেল ॥”

(শূন্যস্থান পূর্ণ করো)

(গ) “যাঁহা পহঁ অরুণ-চরণে চলি যাত ।

তাঁহা তাঁহা ধরণী হইয়ে মঝু গাত ॥”

পদটির রচয়িতা কে ?

- (ঘ) “তোহারি মুরলী যব শ্রবণে প্রবেশল
ছোড়লু গৃহ-সুখ আশ ।
পছক দুখ তুণহঁ করি না গণলু
কহতহি গোবিন্দ দাস ॥”
পদটি ‘বৈষ্ণব পদাবলী’র কোন্ পর্যায়ের অন্তর্গত ?
- (ঙ) “দেবে জানে ভেদ নাহি কৃষ্ণ হলধরে ।”
হলধর কে ?
- (চ) “গোষ্ঠী করি তাহাঞি পড়ান দ্বিজরাজ ।
সেই স্থানে গৌরাঙ্গের বিদ্যার সমাজ ॥”
গৌরাঙ্গ কার চণ্ডীমণ্ডপে নিজ বিদ্যালয় স্থাপন করেছিলেন ?
- (ছ) “নিত্যানন্দ চলিলেন তীর্থ করিবারে ।”
নিত্যানন্দ কত বছর তীর্থ পর্যটন করেছিলেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “পাগলিনী বিষ্ণুপ্রিয়া ভিজা বস্ত্র-চূলে ।
ত্বরা করি বাড়ী আসি শাস্ত্রীরে বলে ॥”
বিষ্ণুপ্রিয়া কে ? তাঁর শাস্ত্রীর নাম কী ?
- (খ) বৃন্দাবন থেকে মথুরা গমনকালে শ্রীকৃষ্ণের সঙ্গী হয়েছিলেন
এমন দুজন কৃষ্ণ-সহচরের নাম লেখো ।
- (গ) চৈতন্যদেবের যে কোনো দুটি বাল্যনাম উল্লেখ করো ।
- (ঘ) চাট্টগ্রামে জন্মগ্রহণকারী দুজন চৈতন্য পরিকরের নাম
লেখো ।

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

(ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু
আনলে পুড়িয়া গেল ।
অমিয়া-সাগরে সিনান করিতে
সকলি গরল ভেল ।”

(খ)

“হরি গেও মধুপুর হাম কুলবালা ।
বিপথে পড়ল যৈছে মালতী-মালা ॥”

‘মাথুর’ পর্যায়ে রাখার বিরহার্তির একটি বর্ণনা দাও ।

(গ)

“অদ্বৈতের কারণে চৈতন্য অবতার ।”

চৈতন্যদেবের আবির্ভাবের ক্ষেত্রে অদ্বৈত আচার্যের ভূমিকা
আলোচনা করো ।

(ঘ)

“মিশ্র বলে আজি আমি দেখিনু স্বপন ।
নিম্নাঞি করিয়াছে যেন শিখার মুগুন ॥”

জগন্নাথ মিশ্রের স্বপ্নবৃত্তান্ত বর্ণনা করো ।

(ঙ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“কোটি ভক্ষদ্রব্য যদি থাকে নিজ ঘরে ।
কৃষ্ণ-আজ্ঞা বিনা তাহা খাইতে না পারে ॥”

- ৪। প্রতিটি গুচ্ছ থেকে অন্তত একটি করে নিয়ে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) গৌরাঙ্গ বিষয়ক প্রতিটি পদই কি 'গৌরচন্দ্রিকা' বিভাগের অন্তর্ভুক্ত হতে পারে? যুক্তিসহ তোমার মতামত ব্যক্ত করো।
- (খ) 'প্রেমবৈচিত্র্য' বলতে কী বোঝ? এই পর্যায়ের পদ রচনায় চণ্ডীদাসের কৃতিত্ব আলোচনা করো।
- (গ) তোমার অধীত 'পূর্বরাগ' পর্যায়ের পদ অবলম্বনে এগুলোর কাব্য-সৌন্দর্য বিশ্লেষণ করো।

খ—গুচ্ছ

- (ঘ) “ ‘শ্রীচৈতন্যভাগবত’ গ্রন্থের আদিখণ্ডের প্রথম অধ্যায়ে গ্রন্থ পরিকল্পনার মূল রূপরেখা বর্ণিত হয়েছে।” মন্তব্যটির যথাযোগ্যতা বিচার করো।
- (ঙ) বৃন্দাবন দাসকে কেন 'চৈতন্যলীলার ব্যাস' বলা হয় তা আলোচনা করে বুঝিয়ে দাও।
- (চ) বৃন্দাবন দাস রচিত 'শ্রীচৈতন্যভাগবত' গ্রন্থে মানবিক সত্য কাহিনির পাশাপাশি অলৌকিক ভক্তিরসের ধারাও প্রবহমান। আলোচনা করো।
